NYC Public Schools







# লং আইল্যান্ড সিটি কমিউনিটির সাথে কথোপকথন

*অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং, CEC 30*

20 মে, 2026

T-40102 (Bangla)

# পরিচিতি

- অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং
  - রিয়া কাম্বারব্যাচ (Rhea Cumberbatch) – অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
  - জুলিয়্যান সিয়ানসিয়ারুসো (Julianne Cianciaruso) – ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
  - ক্রিস্টিনা চ্যান (Kristina Chan) – অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ অ্যানালিটিকস্
  - জনাথন গেইস (Jonathan Geis) – সিনিয়র ডিরেক্টর অভ অ্যানালিটিকস্
- ডিস্ট্রিক্ট 30 সুপারিনটেনডেন্ট্ টিম
  - সুপারিনটেনডেন্ট লিসা হিডালগো (Lisa Hidalgo)
- CEC 30
  - হুইটনি টুস্যান (Whitney Toussaint) – CEC 30 কো-প্রেসিডেন্ট
  - ভিক্টোরিয়া মেডেলিয়াস (Victoria Medelius) – CEC 30 কো-প্রেসিডেন্ট

# আজকের উপস্থাপনার লক্ষ্য এবং নিয়মাবলী

- K–5 -গ্রেডকে পরিষেবা প্রদান করা লং আইল্যান্ড সিটির বিদ্যমান এবং নতুন স্কুলগুলোর বর্তমান এবং প্রাক্কলিত তালিকাভুক্তির (এনরোলমেন্ট) উপাত্তের পর্যালোচনা করা;
- স্কুল জোন এবং রিজোনিং বা জোন পুনঃনির্ধারণ প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্য প্রদান করা; এবং
- লং আইল্যান্ড সিটিতে একটি সম্ভাব্য রিজোনিং নিয়ে প্রশ্নের উত্তর দেয়া এবং মতামত সংগ্রহ করা।

# আলোচ্য বিষয়সূচি

এলিমেন্টারি স্কুলের আসনের চাহিদা এবং নতুন বিল্ডিংসমূহের পরিকল্পনা

স্কুল জোন এবং রিজোনিংয়ের উপরিচিত্র

আলোচনা এবং মতামত

পরবর্তী ধাপসমূহ এবং যোগাযোগের তথ্য


NYC Public Schools

# এলিমেন্টারি স্কুলের আসনের চাহিদা এবং নতুন বিল্ডিংসমূহের পরিকল্পনা

NYC Public Schools

# গ্রেড K–5-কে পরিষেবা প্রদান করা LIC-এর স্কুলসমূহ: আসন চাহিদা

- K–5 -গ্রেডকে পরিষেবা প্রদান করা LIC-এর স্কুলসমূহের অধিকাংশে K-5 আসনের স্বল্পতা রয়েছে। চাহিদা পূরণ করার জন্য অতিরিক্ত আসনের প্রয়োজন রয়েছে।




*Sources: 2025-2026 Audited Register for enrollment, 2024-2025 Blue Book for capacity*


# ডিস্ট্রিক্ট 30-এ নতুন স্কুল বিল্ডিংসমূহ

- আসনের চাহিদা এবং অতিরিক্ত শিক্ষার্থী সংখ্যা মোকাবেলা করার জন্য আসন্ন শিক্ষা বছরগুলোতে দুইটি নতুন স্কুল বিল্ডিং খোলার পরিকল্পনা রয়েছে।

| বিল্ডিং | ঠিকানা | প্রত্যাশিত খোলার সময় | যে জন্য ব্যবহারের পরিকল্পনা করা হয়েছে |
|---|---|---|---|
| পার্সেল C Q341 | 1-50 54th Avenue | সেপ্টেম্বর 2027 | 2027-2028 শিক্ষা বছরে P.S. 384-কে একটি K-5 স্কুল থেকে একটি K-8 স্কুলে সম্প্রসারণ এবং **P.S. 384-এর গ্রেড K-3 এবং প্রি-K -কে পার্সেল C-তে স্থানান্তর** করার জন্য একটি প্রস্তাব অনুমোদন করা হয়েছে, যেখানে এটা ডিস্ট্রিক্ট 75-এর সাথে সহ-অবস্থান করবে। |
| কোর্ট স্কয়্যার Q508 | 23-10 43rd Avenue | সেপ্টেম্বর 2028 | 2026-2027 শিক্ষা বছরে একটি অব্যবহৃত প্রি-K সেন্টারে (Q346: 11-11 40th Ave) **কিন্ডারগার্টেন সহ একটি নতুন স্কুল খোলা (P.S. 439Q, 30Q439)** এবং **এটাকে কোর্ট স্কয়্যার (Court Square)-এ স্থানান্তর করার প্রস্তাব করা,** যেখানে 2028-2029 শিক্ষা বছরে এটা ডিস্ট্রিক্ট 75-এর সাথে সহ-অবস্থান করবে। |

# নতুন স্কুল বিল্ডিংগুলোর জন্য পরিকল্পনাসমূহ

- এসব পরিকল্পনা আমাদেরকে কমিউনিটির মতামত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ হিসেবে, LIC-তে এলিমেন্টারি এবং মিডল্ স্কুল উভয় ধরনের আসন যোগ করতে দেয়।
    - Q508-এ P.S. 439Q খোলার ভবিষ্যৎ পরিকল্পনা NYCPS-এর একটি প্রস্তাব পেশ করার পরে করা হবে যাতে প্যানেল ফর এডুকেশনাল পলিসি কর্তৃক ভোট প্রদান করা হবে।



# স্কুল জোন এবং রিজোনিংয়ের উপরিচিত্র

# একটি স্কুল জোন কী?

- একটি জোন একটি সুনির্দিষ্ট ভৌগোলিক এলাকা।
  - জোনভুক্ত স্কুলসমূহ একটি সুনির্দিষ্ট ভৌগোলিক এলাকায় বসবাসকারী শিক্ষার্থীদেরকে যোগদান করার জন্য অগ্রাধিকার দেয়, এই এলাকাটিকে বলে জোন।
- বেশিরভাগ জোনের একটি জোনভুক্ত স্কুল রয়েছে। শেয়ার্ড বা শেয়ার করা (ভাগাভাগি করা) জোন নামের কিছু জোনের একাধিক জোনভুক্ত স্কুল রয়েছে।
  - একটি জোনভুক্ত স্কুল আছে এমন একটি জোনে বসবাসকারী শিক্ষার্থীরা ঐ একটি স্কুলে ভর্তি হতে অগ্রাধিকার লাভ করে।
  - একাধিক জোনভুক্ত স্কুল আছে এমন একটি জোনে, অথবা একটি শেয়ার্ড জোনে বসবাসকারী শিক্ষার্থীরা জোনের মধ্যকার জোনভুক্ত স্কুলগুলোর যেকোনো একটি স্কুলে ভর্তি হতে অগ্রাধিকার লাভ করে। তবে, শিক্ষার্থীরা শুধু একটি স্কুলে একটি অফার লাভ করবে, এবং আবেদনকারীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে ভাই-বোনের অগ্রাধিকার এবং অন্যান্য শর্তাবলীর ভিত্তিতে।
    - পরিবারেরা তাদের আবেদনপত্রে তাদের জোনভুক্ত স্কুলগুলোর সবগুলোকে, কোনো কোনোটাকে রাখতে পারেন, অথবা কোনোটাকে না-ও রাখতে পারেন।
    - অফার প্রদান করার সময়ে পরিবারেরা কীভাবে তাদের আবেদনপত্রে জোনভুক্ত স্কুলগুলোকে ধারাক্রমে সাজিয়েছে তা বিবেচনায় নেয়া হয়।
    - তবে, একটি পরিবার এমনকি তাদের জোনভুক্ত স্কুলগুলোর একটিতে অফার লাভ করলেও, তারা তাদের আবেদনপত্রে ধারাক্রমে উপরে সাজিয়েছে এমন অন্য আরেকটি জোনভুক্ত স্কুলের অপেক্ষা-তালিকায় তবুও থাকতে পারে।

# স্কুল রিজোনিং বা জোন পুনঃনির্ধারণ কী?

- রিজোনিং বা জোন পুনঃনির্ধারণ একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যেখানে চ্যান্সেলরের প্রবিধান A-185 অনুযায়ী, স্কুল জোনের ভৌগোলিক এলাকা পরিবর্তিত হয় এবং/অথবা নতুন জোন তৈরি করা হয়।
- শিক্ষার সহজলভ্যতা ও শিক্ষার পরিবেশ উন্নত করা এবং বৈচিত্র্যময়তা ও সমন্বয়করণ বৃদ্ধির জন্য রিজোনিং একটি গুরুত্বপূর্ণ মাধ্যম।
  - > শিক্ষার সহজলভ্যতা বৃদ্ধি
    - একটি নতুন স্কুলের অপশনের জন্য একটি জোন গঠন
    - উচ্চমানের স্কুলগুলোতে লভ্যতা বৃদ্ধি
    - সেখানে অথবা সর্বত্র বৈচিত্র্যময়তা বৃদ্ধি
    - পরিবারদেরকে তাদের ছেলেমেয়েদের শিক্ষাগত অভিজ্ঞতা সম্পর্কে সজ্ঞাত সিদ্ধান্ত গ্রহণ করতে দেয়।
  - > শিক্ষার পরিবেশ উন্নত করণ
    - অতিরিক্ত জনাকীর্ণতা কমিয়ে আনা
    - অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট ও সর্বোচ্চ সীমানির্ধারণ (ক্যাপিং) হ্রাস
    - সর্বত্র বিল্ডিংগুলোতে সমতা অথবা ব্যবহারে ভারসাম্য আনা
    - স্থানান্তরযোগ্য বা ট্র্যান্সপোর্টেবল ক্লাসরুম ইউনিটসমূহ (TCUs) অপসারণ করা

# প্রস্তাবিত জোনের সীমারেখা তৈরি করা

- আমরা বিবেচনায় নেই এমন বৈশিষ্ট্যসমূহ:
  - নতুন আবাসিক নির্মাণ কার্য
  - ভৌগোলিক প্রতিবন্ধকতাসমূহ
  - যাতায়াতের দূরত্ব

- আমরা জোনের সীমারেখা এমনভাবে আঁকি:
  - সাম্প্রতিক পাবলিক স্কুলে ভর্তির ধারার উপর ভিত্তি করে একটি স্কুল সাইজের আসন সংখ্যার জন্য যথাযথ সংখ্যক বাসিন্দা রয়েছে
  - যা আমাদের স্কুলগুলোতে বৈচিত্র্যময়তা এবং সমন্বয় প্রবর্তিত করে

- ধাপসমূহ:
  - প্রতিটি স্কুলের জন্য উদ্দিষ্ট জোনের আয়তন নির্ধারণ
  - ভবিষ্যৎ বসবাসকারীর সংখ্যা পূর্বানুমান
  - নতুন জোনের সীমারেখা দৃশ্যপটসমূহ আঁকা

NYC Public Schools

# LIC-তে সম্ভাব্য রিজোনিংয়ের দৃশ্যপট

- P.S./I.S. 78-এর বিল্ডিং এর জোনে বসবাসকারী সকল শিক্ষার্থীর জন্য যথেষ্ট বড় নয়, এবং P.S. 384 সাধারণত P.S./I.S. 78-এর জোনে বসবাসবারী অতিরিক্ত শিক্ষার্থীদেরকে পরিষেবা প্রদান করার মাধ্যমে ঘাটতি পূরণ করেছে।
- নতুন স্কুল P.S. 439Q খোলার সাথে, এই এলাকায় রিজোনিং বিবেচনা করার একটি সুযোগ রয়েছে, যা সবচেয়ে জনাকীর্ণ এলাকাগুলোকে নিশানা করে হয়।
- সবচেয়ে যত তাড়াতাড়ি একটি রিজোনিং কার্যকর হতে পারে তা হলো 2027-2028 শিক্ষা বছরের জন্য আগামী বছরের ভর্তি চক্র (অ্যাডমিশন সাইকেল)।
- সম্ভাব্য রিজোনিং এবং সময়রেখা ঘিরে সব পরিকল্পনা কমিউনিটির সাথে একযোগে করা হবে, এবং কোনো সিদ্ধান্ত নেয়া হয়নি।

NYC Public Schools

# রিজোনিংয়ের প্রভাবসমূহ

- **একটি রিজোনিংয়ের ফলে কোন শিক্ষার্থীরা প্রভাবিত হবে?**
  - প্রস্তাবিত পরিবর্তনসমূহ প্রধানত প্রভাব ফেলবে 2027-2028 শিক্ষা বছরে ভর্তি হতে যাওয়া প্রি-K, কিন্ডারগার্টেন শিক্ষার্থী অথবা সিস্টেমে নতুন শিক্ষার্থীদের উপর। বর্তমান শিক্ষার্থীরা কোনোভাবে প্রভাবিত হয় না।

- **যদি একটি রিজোনিং ঘটে তাহলে শিক্ষার্থীরা তাদের ভাই-বোনের অগ্রাধিকার বজায় রাখবে কি?**
  - একটি এলিমেন্টারি স্কুল রিজোনিং দ্বারা প্রভাবিত একটি স্কুলে আবেদন করার সময়ে, যেখানে একটি জোন পরিবর্তিত হচ্ছে সেখানে বসবাসকারী প্রি-কিন্ডারগার্টেন অথবা কিন্ডারগার্টেনে প্রবেশ করতে যাওয়া ছেলেমেয়েরা তাদের জোনের ভাই-বোনের অগ্রাধিকার বজায় রাখতে পারে যদি সেই স্কুলে পড়ছে তাদের এমন একজন ভাই বা বোন থাকে।

- **আমরা কীভাবে নির্ধারণ করি কোন কোন শিক্ষার্থী বাস পরিষেবার যোগ্য?**
  - K-2 শিক্ষার্থীরা ইয়েলো বাস পরিষেবা অথবা OMNY কার্ডের জন্য যোগ্য যদি তারা তাদের স্কুল সাইট থেকে 0.5 মাইলের বেশি দূরে বসবাস করে।

# রিজোনিং প্রক্রিয়া কী?

(1) চাহিদা চিহ্নিত করা হয়েছে

- NYCPS, CEC, স্কুলসমূহ, অথবা বৃহত্তর কমিউনিটি রিজোনের (জোন পুনঃনির্ধারণের) প্রয়োজনীয়তা উত্থাপন করতে পারে।

হেমন্ত (ফল) 2025

(2) কমিউনিটির সাথে সম্পৃক্ততা

- CEC, স্কুল প্রিন্সিপাল ও কমিউনিটিসমূহ, নির্বাচিত কর্মকর্তাগণ, ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্টগণের সাথে আলোচনা।
- রিজোনিং বা জোন পুনঃনির্ধারণের পুরো প্রক্রিয়া চলাকালীন সময় কমিউনিটির সাথে আলোচনা অব্যাহত থাকে।
- মতামত নতুন জোনের সীমানা সম্পর্কে অবগত করে।

শীত-বসন্ত (উইন্টার-স্প্রিং) 2026

(3) উপাত্ত বা ড্যাটা বিশ্লেষণ এবং দৃশ্যপটসমূহ

- NYCPS তালিকাভুক্তি বা এনরোলমেন্টের প্রবণতা, জনসংখ্যাতাত্ত্বিক, স্কুলের ধারণক্ষমতা, শিক্ষার্থীদের বাসস্থান ও হাউজিংয়ের সংখ্যা সংক্রান্ত উপাত্ত বা ড্যাটা বিশ্লেষণ করে।

শীত-বসন্ত (উইন্টার-স্প্রিং) 2026

(4) প্রস্তাব উপস্থাপনাসমূহ

- ODP এবং সুপারিনটেনডেন্ট কর্তৃক জনসম্মুখে CEC-এর কাছে জোনের সীমানা পরিবর্তনের প্রস্তাবনা উপস্থাপন করা হয়।
- জনগণের মতামত প্রদান এবং প্রশ্ন ও উত্তর (Q&A) পর্বে অংশগ্রহণের সুযোগ রয়েছে।

গ্রীষ্ম-হেমন্ত (সামার-ফল) 2026

(5) CEC-এর ভোট গ্রহণ

- একটি প্রস্তাব পেশ করার 45 দিনের মধ্যে সেটার উপর CEC ভোট গ্রহণ করে।

হেমন্ত (ফল) 2026

# আলোচনা এবং মতামত

# ডিস্ট্রিক্ট 30 সুপারিনটেনডেন্ট হিডালগো (Hidalgo) এবং CEC 30 কো-প্রেসিডেন্টবৃন্দ হুইটনি টুস্যান (Whitney Toussaint) এবং ভিক্টোরিয়া মেডেলিয়াস-এর (Victoria Medelius) বিবৃতি

# পথ-নির্দেশনামূলক প্রশ্নাবলী

- রিজোনিং প্রক্রিয়া নিয়ে কোনো প্রশ্ন বা ধারণা আছে কি?
  - LIC কমিউনিটির জন্য সম্পৃক্ততার কী কী পদ্ধতি সবচেয়ে ভালো কাজ করে বলে আপনি মনে করেন?
- এটা কতদূর পর্যন্ত একটি অগ্রাধিকার যে P.S./I.S. 78-এ বর্তমানে জোনভুক্ত সকল শিক্ষার্থী হয় P.S./I.S. 78, P.S. 384, অথবা P.S. 439Q-তে জোনভুক্ত হয়ে থাকবে?
- LIC-এর পরিবারেরা P.S./I.S. 78 এবং P.S. 384-এর জন্য একটি শেয়ার্ড জোন নাকি P.S./I.S. 78 এবং P.S. 384-এর জন্য আলাদা আলাদা জোন পেতে পছন্দ করবেন?
- LIC এলাকাতে কোনও ভৌগোলিক প্রতিবন্ধকতা আছে কি যা আমাদের মনে রাখা উচিৎ?
  - পরিবারদের জন্য কুইন্সবরো ব্রিজ কি একটি ভৌগোলিক প্রতিবন্ধকতা?

NYC Public Schools

# পরবর্তী ধাপসমূহ এবং যোগাযোগের তথ্য

NYC Public Schools

# পরবর্তী ধাপসমূহ

- রিজোনিং প্রক্রিয়া, সময়রেখা, এবং কার্যপদ্ধতি নিয়ে আলোচনা করার জন্য আজ একটি অব্যাহত সুযোগ।
- আমরা সংযোজিত কমিউনিটির সাথে কথোপকথনের আহ্বান করবো এবং মতামত প্রদানের আরও সুযোগ প্রদান করবো, এর মধ্যে অন্তর্ভুক্ত **8 জুন 6:30pm-এ** CEC 30-এর আসন্ন ক্যালেন্ডার মিটিংয়ে একটি উপস্থাপনা।
- আমরা একটি রিজোনিংয়ের দিকে এগুলে, CEC 30 এবং বৃহত্তর কমিউনিটির কাছে উপস্থাপনের জন্য নতুন প্রস্তাবিত জোনের সীমারেখা তৈরি করার জন্য ODP এই মতামত ব্যবহার করবে।
- পরবর্তী ভর্তি প্রক্রিয়ায় বাস্তবায়িত করতে দেয়ার জন্য রিজোনিংয়ের প্রস্তাবসমূহ সাধারণত হেমন্তের শেষের দিকের মধ্যে জমা দেয়া হয় এবং এতে ভোট দেয়া হয়।

# অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং যোগাযোগের তথ্য

রিয়া কাম্বারব্যাচ (Rhea Cumberbatch), অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
rcumberbatch2@schools.nyc.gov

জুলিঅ্যান সিয়ানসিয়ারুসো, ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
jcianciaruso@schools.nyc.gov

ক্রিস্টিনা চ্যান (Kristina Chan), অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ অ্যানালিটিকস্
kchan31@schools.nyc.gov

# পরিশিষ্ট

# রিজোনিং বা জোন পুনঃনির্ধারণ প্রক্রিয়া সম্পর্কে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

- ODP এর বিশ্লেষণ কোন উপাত্তের ভিত্তিতে করে থাকে?
  - ঐতিহাসিক শিক্ষার্থীর বাসস্থানের তথ্য, তালিকাভুক্তির ধারা, স্কুলের চাহিদা, আবাসিক নির্মাণ কাজের উপাত্ত, জনসংখ্যাতত্ত্ব, এবং প্রতিটি স্কুলের বিল্ডিংয়ের ধারণক্ষমতা, যার বেশিরভাগই সর্বসাধারণের জন্য উন্মুক্ত।
- জনগণ কীভাবে এই সম্ভাব্য প্রক্রিয়া এবং সিদ্ধান্তের অংশ হিসেবে মতামত প্রদান করতে পারে?
  - NYCPS কমিউনিটির মতামতের মূল্য দেয় এবং প্রস্তাবগুলোতে মতামত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা নিশ্চিত করার জন্য পুরো রিজোনিং প্রক্রিয়া চলাকালীন সময়ে বিভিন্ন স্বার্থসংশ্লিষ্টদের সাথে নিবিড়ভাবে কাজ করে। একটি পাবলিক মিটিংয়ে যোগদান করা, ODP-এর কাছে লিখিত মন্তব্য জমা দেয়ার মাধ্যমে অথবা CEC-এর কাছে ফোন করার মাধ্যমে কমিউনিটির সদস্যবৃন্দ একটি রিজোনিং প্রস্তাব সম্পর্কে মতামত প্রদান করতে পারেন।
- এখানে একটি সম্ভাব্য রিজোনিংয়ের জন্য সময়রেখা কী হবে?
  - 2026-2027 শিক্ষা বছরের হেমন্তের মধ্যে NYCPS কর্তৃক একটি প্রস্তাব দেয়া এবং পরবর্তীতে CEC-এর অনুমোদন হওয়া সাপেক্ষে, প্রস্তাবিত পরিবর্তনসমূহ 2027-2028 শিক্ষায়তনিক বছরের জন্য ভর্তির প্রক্রিয়ায় কার্যকর হবে।